

দাতা পশ্চিমবঙ্গ রাজ্যের রাজ্যপাল (অতঃপর রাজ্যপাল বলিয়া উল্লিখিত) এবং গ্রহীতা

শ্রী পিতা

সাং থানা

জিলা

(অতঃপর রায়ত বলিয়া উল্লিখিত) মধ্যে অদ্য সালের মাসের

..... তারিখে অত্র রায়তি বন্দোবস্ত পত্র সম্পাদিত হইল। প্রকাশ থাকে যে রাজ্যপাল বলিতে তাঁহার পদের উত্তরাধিকারী ও স্বত্বনিয়োগীদেরও বুঝাইবে। অপ্রাসঙ্গিক বা প্রসঙ্গ বিরোধী না হইলে রায়ত শকের হারা তাঁহার ওয়ারিশান, স্থলাভিষিক্তগণ, উইলের নির্বাহক, সম্পত্তির ব্যবস্থাপক ও স্বত্বনিয়োগীদেরও বুঝাইবে।

উক্ত রায়ত নিম্ন তফসিলে বর্ণিত ভূমিতে কৃষিকার্য্য করিবার উদ্দেশ্যে ১৯৫৫ সালের পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইন অনুসারে রায়তি স্বত্ব পাইবার জন্য পশ্চিমবঙ্গ সরকারের (অতঃপর সরকার বলিয়া উল্লিখিত) নিকট আবেদন করায় এবং উক্ত রায়ত উক্ত ভূমির রায়তি বন্দোবস্ত পাইবার উপযুক্ত বলিয়া জিলার সমাহর্তা অপর শাসকের প্রতীতি হওয়ায় সরকার নিম্নলিখিত শর্তে ও কড়ারে তাঁহাকে রায়তি স্বত্ব অর্পণ করিতে স্বীকৃত হইয়াছেন।

অতএব অত্র রায়তি বন্দোবস্ত পত্রে প্রকাশ করা যাইতেছে যেঃ—

- ১। রাজ্যপাল এতদ্বারা নিম্ন তফসিলে বর্ণিত ভূমি ১লা বৈশাখ..... সন হইতে যথানিয়মে রাজস্ব আদায় দেওয়া এবং এই দলিলে উল্লিখিত শর্ত, কড়ার ও চুক্তি পালন, সম্পাদন ও পূরণ করা সাপেক্ষে উক্ত রায়তকে বন্দোবস্ত দিতেছেন। ১৯৫৫ সালের পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইন বা উহার সংবিধিবদ্ধ কোন সংশোধক এবং তদনুক্রমে প্রণীত প্রচলিত নিয়মাবলী অনুযায়ী রায়ত হিসাবে তিনি উক্ত ভূমি ভোগ দখল করিতে থাকিবেন।

২। উক্ত ভূমি ভোগ দখলকালীন নিম্নলিখিত কড়ারে বাধ্য থাকিবেন বলিয়া রাজ্যপালের নিকট রায়ত অঙ্গীকার করিতেছেন যেঃ—

(ক) রায়ত ঐ ভূমির জন্য বৎসরে টাকা (.....
..... টাকা পয়সা) হারে রাজস্ব আদায়
দিবেন। প্রকাশ থাকে যে আইনানুযায়ী সময়ে সময়ে সরকার কর্তৃক উক্ত রাজস্বের হার
বর্ধিত বা সংশোধিত করা হইলে রায়ত ঐ বর্ধিত বা সংশোধিত হারে রাজস্ব আদায় দিতে
বাধ্য থাকিবেন।

(খ) উক্ত রাজস্ব ছাড়াও, উক্ত ভূমি সম্পর্কে বা উক্ত ভূমি যে ব্যক্তির অধিকারে বা দখলে থাকিবে
সেই ব্যক্তি সম্পর্কে যে উপকর, কর এবং অন্যান্য যাহা কিছু আইনতঃ প্রদেয় বলিয়া ধার্য
হইবে তাহা সমস্তই উক্ত রায়ত যথানিয়মে এবং যথা সময়ে আদায় দিবেন।

(গ) রায়ত নিজ শ্রমের দ্বারা বা তাঁহার পরিবারস্থ ব্যক্তিদের সাহায্যে যত্ন সহকারে উক্ত ভূমি
চাষ করিবেন এবং কৃষি ভিন্ন অন্য কোন প্রকার অকৃষিকার্য্য করিবার উদ্দেশ্যে উক্ত ভূমি
ব্যবহার করিবেন না।

(ঘ) রায়ত, উক্ত আইনের বিধানসমূহ এবং এতদ্বারা সৃষ্ট প্রজাস্বত্ব সম্পর্কে প্রযোজ্য সকল
প্রচলিত আইনের যাবতীয় বিধান মানিয়া চলিবেন, পালন করিবেন এবং তদনুসারে কার্য্য
করিবেন এবং উক্ত ভূমি সম্পর্কে বা এতদ্বারা সৃষ্ট প্রজাস্বত্ব সম্পর্কে যে নিয়মাবলী ও
প্রনিয়মাবলী প্রযোজ্য হইবে তাহা সমস্তই মানিয়া চলিবেন।

৩। এতদ্বারা রাজ্যপাল স্বীকার করিতেছেন যে, উক্ত রায়ত উল্লিখিত সমস্ত শর্ত, কড়ার এবং চুক্তিসমূহ
মানিয়া চলিলে, পালন করিলে এবং তদনুসারে কার্য্য করিলে রাজ্যপাল বা সরকার বা সরকারের
কোন আধিকারিকের নিকট হইতে কোনরূপ বাধাপ্রাপ্ত না হইয়া তিনি একজন রায়ত হিসাবে
উক্ত ভূমি ভোগ দখল করিতে থাকিবেন।

৪। আরও প্রকাশ থাকে যে উল্লিখিত কোন শর্ত, কড়ার এবং চুক্তি উক্ত রায়তের পক্ষ হইতে ভঙ্গ
করা হইলে উক্ত রায়তের বিরুদ্ধে প্রচলিত আইনানুযায়ী সমুচিত ব্যবস্থা গ্রহণের অধিকার এবং
হক রাজ্যপালের থাকিবে এবং তিনি প্রচলিত আইনানুযায়ী সরকারের অধিকারসমূহ বলবৎকরণের
নিমিত্ত ব্যবস্থা অবলম্বন করিতে পারিবেন।

পূর্বোল্লিখিত তফসিল :

..... জিলার মহকুমার

..... থানার মৌজায়

জে. এল. নং খতিয়ান নং

দাগ নং এর অন্তর্ভুক্ত, কমবেশী একর

(..... একর শতক অর্থাৎ হেক্টর পরিমিত

এবং টাকা) (..... টাকা)

মাত্র মূল্যের ভূমি।

অত্র রায়তি বদোবস্ত পত্র সম্পাদনে অত্র দলিলের সংশ্লিষ্ট স্বত্বপত্র উপরে লিখিত তারিখে নিজের নিজ হস্তাক্ষরে ইহাতে নিয়ে সহি করিলেন।

পশ্চিমবঙ্গ রাজ্যের রাজ্যপালের স্থলে এবং পক্ষে —

উক্ত রায়তের স্বাক্ষর

স্বাক্ষর

পদ

সাক্ষী —

সাক্ষী —

স্বাক্ষর

স্বাক্ষর

পদ

পেশা

সাং